

বাউবি/পরীক্ষা/বিএজিএড/ফলাফল প্রকাশ/৩৮৯/২০১১/২০১৬

তারিখ : ২৭ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
১১ সেপ্টেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

প্রাপক
আঞ্চলিক পরিচালক
আঞ্চলিক কেন্দ্র (সকল)
বাউবি।

বিষয়: বিএজিএড প্রোগ্রামের ২৫১ টার্মের পুন:পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুক শিক্ষার্থীদের পুন:পরীক্ষা, পুন:নিরীক্ষণ ও De-Novo রেজিস্ট্রেশন এর ফি জমাদান প্রসঙ্গে।

জনাব


বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত বিএজিএড ২৪১ (জানুয়ারী-জুন, ২০২৪) টার্মের ১ম, ৩য় ও ৫ম সিমেন্টার পরীক্ষার বিষয়ভিত্তিক এবং পরীক্ষার চূড়ান্ত ফলাফল প্রকাশ করা হয়েছে। উক্ত পরীক্ষায় অকৃতকার্য শিক্ষার্থীগণ ২৫১ টার্মের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। এখানে উল্লেখ্য De-Novo রেজিস্ট্রেশন সংক্রান্ত নতুন নীতিমালা অনুযায়ী De-Novo রেজিস্ট্রেশন এর মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক ১৭১ (জানুয়ারী-জুন, ২০১৬) টার্মের শিক্ষার্থীগণ ১ম বারের মত এবং ১৪১ (জানুয়ারী-জুন, ২০১৫) টার্মের শিক্ষার্থীগণ শেষ বারের মত ২৫১ (জানুয়ারী-জুন, ২০২৫) টার্মের শিক্ষার্থীদের সাথে পুন:পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবেন। তাদের পুন:পরীক্ষার আবেদন সংক্রান্ত বিষয়ে অনুসরণীয় সূচি নিম্নরূপ:

(ক)	পুন: পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুক শিক্ষার্থীদের পুন: পরীক্ষার কোর্স প্রতি ফি ৩০০/- (তিনশত) টাকা জমা দেয়ার সর্বশেষ তারিখ:	১৪-০৯-২০২৫ হতে ১৩-১০-২০২৫ পর্যন্ত
(খ)	পুন: নিরীক্ষা সংক্রান্ত কোর্স প্রতি ফি ৫০০/- (পাঁচ শত) টাকা জমা ও অভিযোগের আবেদনের সর্বশেষ তারিখ:	১৪-০৯-২০২৫ হতে ১৩-১০-২০২৫ পর্যন্ত

এমতাবস্থায়, আঞ্চলিক কেন্দ্র হতে পুন:পরীক্ষা, পুন:নিরীক্ষণ ও De-Novo রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের তালিকা তৈরি করে আগামী ২৩-১০-২০২৫ তারিখের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে পৌঁছানোর জন্য অনুরোধ করা হল। তালিকার একটি Soft কপি পরীক্ষা নিয়ন্ত্রকের ই-মেইল, controller@bou.ac.bd ও lipiakter@bou.ac.bd ঠিকানায় ২৬-১০-২০২৫ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

উল্লেখ্য, নির্ধারিত তারিখের পর পুন:পরীক্ষার কোন আবেদন গ্রহণ করা হবে না। বিষয়টি আপনার আঞ্চলিক কেন্দ্রাধীন সকল উপ-আঞ্চলিক কেন্দ্র, স্টাডি সেন্টার ও সংশ্লিষ্ট শিক্ষার্থীদের অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হল।

ধন্যবাদসহ,


(মোঃ হাবিবুল্লাহ মাহমুদ)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে।

১. ডীন, সার্ড, বাউবি।

২. পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।


৩. সিস্টেম ম্যানেজার, বাউবি (বাউবি'র ওয়েব পেজে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ জানানো হ'ল)।

৪. উপ-আঞ্চলিক পরিচালক, সংশ্লিষ্ট উপ-আঞ্চলিক কেন্দ্র, বাউবি।

৫. যুগ্ম পরিচালক, উপ-উপাচার্য (শিক্ষা) এর দপ্তর, উপ-উপাচার্য (শিক্ষা) মহোদয়ের সদয় অবগতির জন্য।

৬. সমন্বয়কারী, , বাউবি।

৭. সংশ্লিষ্ট নথি।


২০১৬/২৫